**কম্পট্রোলার**

**স্কট এম. স্ট্রিঙ্গার (Scott M. Stringer)** (D, WF)

**আমার নাম Scott Stringer এবং আমি সিটির কম্পট্রোলার পদটির জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। ওয়াশিংটন হাইটস্এ বড় হওয়ার সময়ে, আমি মনে করতাম নিউ ইয়র্ক পৃথিবীর সবথেকে উত্তম স্থান। এটি সবসময়ে সহজ ছিল না, কিন্তু আমরা জানি যে যদি আপনি কঠিন পরিশ্রম করেন তাহলে সবকিছু করা সম্ভব। এই পাঁচটি বরোতে থাকা বহু পরিবার এখন আর সেরকম বোধ করেন না। সবকিছুর দাম বেড়ে যাচ্ছে এবং একটি চাকরী যা যথেষ্ঠ মাইনে দেয় পাওয়া কঠিন হয়ে দাঁড়াতে পারে। মধ্যবিত্ত পরিবারগুলি যাঁরা এই সিটিকে তৈরী করেছেন, তাঁদের নাগালের বাইরে চলে গিয়েছেন। এটিকে থামানো প্রয়োজন। সেইজন্যে আমি কম্পট্রোলার পদে দাঁড়াচ্ছি। সিটির মূখ্য অর্থনৈতিক অফিসার হিসেবে আমি প্রতিদিন আপনাদের কঠিন পরিশ্রমের করের ডলারের জন্যে লড়াই চালিয়ে যাবো। তার মানে নিশ্চিত করা যে সিটি যখন বাজেট প্রণয়ন করবে তখন অগ্রাধিকার ঠিক করবে সেই জিনিসগুলির জন্য সিটিকে আপনার জন্যে আরো ভাল কাজ করার যা সাহায্য করবে - স্কুল, চিকিৎসাব্যবস্থা, সামর্থের মধ্যে বাসস্থান। তার মানে অপচয় এবং অপব্যবহার কে সমূলে উৎপাটন করা, যাতে আপনারা আপনাদের টাকা আরো বেশি করে রাখতে পারেন যেখানে সেটির থাকার কথা: আপনাদের পকেটে। গত কুড়ি বছর ধরে আমি সেটিই করে আসছি। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমার কার্যালয় শিক্ষার্থীদের ভর্তির পূর্বানুমানের, অতিপ্রয়োজনীয় স্কুল তৈরী করতে ব্যর্থতা প্রকাশ করেছে। আমরা দেখেছি যে সরকারী আবাসনের লিফট্গুলির ৭৫% পরিদর্শণে পাশ করে না, এবং সিটিকে বাধ্য করেছি সেগুলি মেরামত করতে। সরকারের দায়িত্বশীলতার জন্য লড়াই করার উদ্দেশ্যে এসেম্বলিতে আমি আমার নিজের দলের নেতৃত্ব নিয়েছি। আমি সেটির জন্যে গর্বিত এবং সরকারকে আপনাদের কাছে আরো বেশি জবাবদিহি করার জন্য আমি কোন দিনও লড়াই করা ছেড়ে দেব না। আমি এই সিটিকে ভালোবাসি। এটি পুরো পৃথিবীর মধ্যে সর্বোত্তম। কিন্তু এটিকে সেইরকম করতে হলে আমাদেরকে নিশ্চিত করতে হবে যাতে মধ্যবিত্ত পরিবারগুলি এখানে সাফল্য লাভ করতে পারেন। সেটির ব্যাপারে আমি কাজ করবো আপনাদের কম্পট্রোলার হিসেবে। আমার সাথে যোগদান করুন এবং চলুন কাজে লেগে পড়ি।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**কম্পট্রোলার**
**জন বার্ণেট (John Burnett)** (R, C, SC)

**শুভেচ্ছা নিউ ইয়র্কবাসীদের। আমার নাম John Burnett এবং আমি নিউ ইয়র্ক সিটির কম্পট্রোলার পদে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি সারাজীবন নিউ ইয়র্ক-এর বাসিন্দা - ব্রুকলীন-এ জন্ম গ্রহণ, কুইন্স-এ বেড়ে ওঠে এবং বর্তমানে হারলেম-এ বসবাস করি। সিটি প্রতি বছর শতশত মিলিয়ন ডলার কারচুপি এবং অদক্ষতার মাধ্যমে অপচয় করে, তা একজন কম্পট্রোলার হিসেবে, আমি মূল থেকে উৎপাটন করবো। সিটির কম্পট্রোলার শুধুমাত্র অবসরভাতার তহবিলটি তত্ত্বাবধান করেন না; কিন্তু সিটির প্রধান আর্থিক ব্যবস্থা-সংক্রান্ত অফিসার হিসাবে তিনি নিরীক্ষার করার ক্ষমতা রাখেন। আমি সেই ক্ষমতাটি ব্যবহার করে সব পরিষ্কার করবো।**

**আপনি জিজ্ঞেস করতে পারেন আমি সেটি কিভাবে সম্পন্ন করবো? আসলে, আমি একজন নাছোড়বান্দা সরকারী বাইরের লোক যাঁর সাহস আছে গুরুত্বপূর্ণভাবে সরকারী দায়ীত্বশীলতা এবং স্বচ্ছতাকে চালু করার। Shirley Chisolm-এর ভাষায়, আমি আন-বট্‌ – এবং আন-বস্‌ – ট (বিক্রয় হয়না এবং তাঁবেদারি করি না)।**

**আমি সকল কমিউনিটির নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি যে, আমাকে তাঁদের রাজস্ব-সংক্রান্ত বিষয়ে রক্ষাকারী হিসেবে নিযুক্ত করতে। এই কাজটির জন্য আমার রাজস্ব বিষয়ে অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতা আছে, কিন্তু আমার প্রতিদ্বন্দ্বীদের নেই। আমার ডেমোক্র্যাটিক প্রতিদ্বন্দ্বী বারংবার কর বাড়ানোতে মত দিয়েছেন - অন্যতম কারণ যেটি নিউ ইয়র্ক-কে ব্যবসার উন্নতির জন্য আমেরিকার মধ্যে সবথেকে খারাপ জায়গায় নিয়ে গিয়েছে।**

**হিসেবে, নিউ ইয়র্ক-এর বহু মিলিয়ন বাঁচিয়ে দেওয়ার জন্যে আমি অবসরভাতার পরিচালনার খরচ হিসেবে ব্যাপক কর্মসূচী ছড়িয়ে দেব একইসাথে নিশ্চিত করবো সর্বসমেত বিনিয়োগ করা টাকার ফেরতমূল্য বাড়ানোর সাথে সাথে আমাদের অবসরপ্রাপ্ত বয়োজেষ্ঠরা যাতে তাঁদের জীবনের সোনালী বছরগুলো যতটা আরামে কাটানোর অধিকারী সেটাই করতে পারেন।**

**আরো ভালো রাজস্ব ব্যবস্থাপনা এবং পরিকল্পনার মাধ্যমে আমরা আরো ভাল করতে পারি। আমি নিউ ইয়র্ক-বাসীদের পেশ করছি সেই বিকল্পটি যেটি পাওয়ার তাঁদের অধিকার আছে এবং একটি সুযোগ এমন একজনের পক্ষে ভোট দেওয়ার জন্যে যাঁর সিটির কম্পট্রোলার হিসেবে কাজ করার আসল যোগ্যতা আছে । আপনাদের সময়ের জন্যে ধন্যবাদ। যেখানে অভিজ্ঞতার মূল্য আছে, John Burnett-কে ভোট দিন, নিউ ইয়র্ক শহরের ভবিষ্যত হিসাবরক্ষক।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**কম্পট্রোলার**
**জুলিয়া উইলেব্রান্ড (Julia Willebrand)** (G)

**আমার ব্যবসার কার্ডটিতে বহুবছর ধরে লেখা আছে Julia Willebrand, সক্রীয় কর্মী। এবং, আমি যদি নির্বাচিত হই একজন সক্রীয় কর্মী কম্পট্রোলার হবো। অনেক ভোটদাতারা কম্পট্রোলারকে ভাবেন মূখ্য বুক কিপার। কিন্তু, একজন কম্পট্রোলার এর থেকে অনেক বেশি দায়িত্ব পালন করেন। একজন কম্পট্রোলার হচ্ছেন NYC–র জনসাধারণের পাঁচজন ট্রাস্টির একজন। এই দায়িত্বের ফলে এবং আমরা যে আর্থিক সংকটের সম্মুখীন হচ্ছি সেই কারনে, আমি সুপারিশ হল কর্পোরেশনের অহেতুক উৎপাদন ও সরবরাহ বাতিল করা। তারপর আমি কম্পট্রোলারের দায়িত্বটি ব্যবহার করবো ৩৮,০০০ চুক্তিগুলিকে নথিভুক্ত করার জন্যে যেগুলি সিটির প্রতি বছর যোগ করে বেসরকারী যৌথসংস্থাগুলির সাথে শহরটির সর্বনিম্ন অংশ রক্ষা করার জন্যে পুনরুদ্ধার এবং অধিকমূল্যের জন্যে শাস্তির শর্ত যোগ করে। এইসব শর্তগুলি আরো SAIC এবং সিটি টাইম–এর দ্বারা বহু মিলিয়ন ডলার অতিমূল্যের খাতে লিখে নেওয়াকে আটকাবে। তারপরে কম্পট্রোলারের বাজেট করার ক্ষমতাটি প্রয়োগ করে, আমি নিশ্চিত করবো যে জনসাধারন যেন অবগত থাকেন অপচয়মূলক খরচের  ব্যাপারগুলির বিষয়ে, যেমন BOE–র সিটির সব থেকে দামী এলাকায় স্কুলের জমিগুলিকে বিলাসবহুল বাসস্থানে পর্যবসিত করার জন্য সম্প্রতি ডেভেলাপারদের তলব করা। অথবা সরকারী আবাসনের খেলার মাঠগুলিতে বিলাসবহুল আবাসন বানানোর জন্যে NYCHA–র উপস্থাপনা। এইসব গুরুত্বহীন ঘটনা সামর্থের মধ্যে বাসস্থানের খুব কমই তৈরী করবে। এবং তা সত্ত্বেও, যথেষ্ট পরিমানে অব্যবহৃত আকাশপথ আছে আমাদের উঁচুবাড়ি সমন্বিত শহরটিতে। অতএব সামর্থের মধ্যে বাসস্থান তৈরী করার জন্যে আমি আকাশপথের অধিকার বিক্রী করা চালু করবো নিচু উচ্চতার শহরের মালিকানার অন্তর্ভুক্ত বাড়িগুলির ওপরে যেমন আমাদের ১৭০০টি সরকারী স্কুলগুলি। আমি একজন সক্রীয় কর্মী কম্পট্রোলার হবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*